গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
শ্রম অধিদপ্তর
উন্নয়ন, পরিকল্পনা ও পরিসংখ্যান শাখা

‘রপ্তানিমুখী শিল্পের কর্মহীন হয়ে পড়া ও দুঃস্থ শ্রমিকদের সামাজিক সুরক্ষা কার্যক্রম বাস্তবায়ন নীতিমালা ২০২০ (সংশোধিত-২০২২)’এর বাস্তবায়ন কমিটির ২২তম সভার কার্যবিবরণী।

| | |
|---|---|
| সভাপতি | খালেদ মামুন চৌধুরী<br>মহাপরিচালক |
| সভার তারিখ | ৩১/০৭/২০২২ খ্রি. |
| সভার সময় | বিকাল ৩.০০ ঘটিকা |
| স্থান | ভার্চুয়াল (Zoom) মাধ্যম। |
| উপস্থিতি | তালিকা পরিশিষ্ট ‘ক’তে- সংযুক্ত। |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা আরম্ভ করেন। তিনি ‘রপ্তানিমুখী শিল্পের কর্মহীন হয়ে পড়া ও দুঃস্থ শ্রমিকদের সামাজিক সুরক্ষা কার্যক্রম বাস্তবায়ন নীতিমালা ২০২০ (সংশোধিত-২০২২)’ এর সফল বাস্তবায়নে বৈধ উপকারভোগীর সংখ্যা বৃদ্ধিকরণে সংশ্লিষ্ট সকলকে একযোগে কাজ করার আশাবাদ ব্যক্ত করে বক্তব্য রাখেন। সভাপতির অনুমতিক্রমে কমিটির সদস্য সচিব জনাব মোঃ আবু আশরীফ মাহমুদ ২২তম PIC সভার প্রণীত কার্যপত্র সভায় উপস্থাপন করেন। সভার শুরুতেই ২১তম PIC সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়। অত:পর সভায় জানানো হয় যে, সংশ্লিষ্ট শিল্প সংগঠনসমূহ থেকে নগদ সহায়তা প্রদানযোগ্য উপকারভোগীর কোন তালিকা PIC’র অনুমোদনের জন্য পাওয়া যায় নি। অদ্য সভার আলোচ্যসূচীমতে নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রমিক নং | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ১। | নতুন সেক্টরসমূহ এ কার্যক্রমের আওতায় যুক্তকরণ | সভার এ অংশে সদস্য সচিব রপ্তানি উন্নয়ন ব্যুরোতে (ইপিবি) অনুষ্ঠিত সভায় আলোচ্য বিষয় সম্পর্কে সভার সকলকে অবগত করার জন্য কনসাল্টেন্ট জনাব আমিনুল মুহাইমেনের দৃষ্টি আকর্ষণ করেন। ইপিবি হতে ৫ টি সেক্টর তথা : চা, চিংড়ি, পাটজাত দ্রব্য, জাহাজ নির্মাণ ও ঔষধ শিল্পের ৭৮৬ টি কারখানার তালিকা প্রদান করা হয়েছে বলে জনাব আমিনুল মুহাইমেন সকলকে অবহিত করেন। উক্ত সেক্টরগুলো কিভাবে এ কার্যক্রমের আওতায় যুক্ত করা যায়, সে বিষয়ে সদস্য সচিব জানতে চাইলে, ইউরোপীয় ইউনিয়নের প্রতিনিধি মিস ভ্যালেন্টিনা এবং ইশরাত শবনম তাদের মত পোষণ করে বলেন যে, সেক্টরগুলোকে যুক্ত করতে হলে তাদের স্ট্যাকহোল্ডার ও সভাপতিদের সাথে যোগাযোগ করা প্রয়োজন। এমতাবস্থায় সকল সদস্য এ বিষয়ে একমত পোষণ করেন। | মন্ত্রণালয় কর্তৃক আয়োজিতব্য পরিবীক্ষণ ও মূল্যায়ন কমিটির নির্দেশনা মোতাবেক ৩ হতে ৫টি রপ্তানিমুখী সেক্টর বাছাই পূর্বক সেক্টরসমূহের স্ট্যাকহোল্ডার ও সভাপতিদের সাথে যোগাযোগ করতঃ সেক্টরগুলোকে এ কার্যক্রমের আওতায় যুক্ত করার ব্যবস্থা গ্রহণ করা হবে। |

| | | | |
|---|---|---|---|
| ২। | উপকারভোগীর এনআইডি'র তথ্য যাচাইয়ে সমস্যা | এ বিষয়ে কনসাল্টেন্ট আমিনুল মুহাইমেন বলেন যে, প্রণীত MIS এর মাধ্যমে উপকারভোগীর এনআইডি'র তথ্য যাচাই করা সম্ভব হচ্ছে না। তিনি আরও জানান, MIS এ এনআইডি'র তথ্য যাচাইয়ের কার্যক্রম চালু রাখার জন্য নির্বাচন কমিশনের সাথে শ্রম অধিদপ্তরের "Memorandum of Understanding" (MOU) নামক চুক্তি সম্পাদন করা প্রয়োজন। এ বিষয়ে নির্বাচন কমিশনের যথাযথ কর্তৃপক্ষের সাথে আলোচনা করা প্রয়োজন বলে সভার সকল সদস্য একমত পোষণ করেন। | উপকারভোগীর এনআইডি'র তথ্য যাচাইয়ের সমস্যা সমাধানে পরিবীক্ষণ ও মূল্যায়ন কমিটির সভা আহ্বানের পূর্বেই নির্বাচন কমিশনের এনআইডি সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সাথে আলোচনা করে প্রয়োজনীয় তথ্যাদি সংগ্রহ করতে হবে। |
| ৩। | শ্রম অধিদপ্তরের মাঠ পর্যায়ের অফিস হতে উপকারভোগীর তথ্য MIS এ আপলোড প্রক্রিয়া | সভার এ পর্যায়ে কমিটির সদস্য সচিব শ্রম অধিদপ্তরের মাঠ পর্যায়ের অফিস হতে উপকারভোগীর তথ্য MIS এ আপলোড প্রক্রিয়া সম্পর্কে ইউরোপীয় ইউনিয়নের কনসাল্টেন্ট জনাব আমিনুল মুহাইমেনের নিকট জানতে চান। তার পরিপ্রেক্ষিতে কনসাল্টেন্ট জানান যে, মাঠ পর্যায়ের অফিস হতে উপকারভোগীর তথ্য MIS এ আপলোড করার পর উক্ত তথ্য উপকারভোগীর কারখানা এবং সংশ্লিষ্ট শিল্পসংগঠন কর্তৃক ভেরিফাই করা প্রয়োজন। ভেরিফিকেশন প্রক্রিয়া কিরূপ হতে পারে সে বিষয়ে এ কার্যক্রমের জন্য গঠিত পরিবীক্ষণ ও মূল্যায়ণ কমিটির দৃষ্টি আকর্ষণ করা যেতে পারে বলে সদস্য সচিব তার মত প্রকাশ করেন। এমতাবস্থায় সকল সদস্য এ বিষয়ে একমত পোষণ করেন। | শ্রম অধিদপ্তরের মাঠ পর্যায়ের অফিস হতে উপকারভোগীর তথ্য MIS এ আপলোড করার পর তা যাচাই সম্পর্কে পরিবীক্ষণ ও মূল্যায়ন কমিটির নির্দেশনা মোতাবেক কার্যক্রম গৃহীত হবে। |
| ৪। | কার্যক্রমের জন্য প্রণীত MIS এর উপর প্রশিক্ষণ | সভার এ অংশে TASSSR এর টিম লিডার মিস শ্যারন হল এবং ইউরোপীয় ইউনিয়নের কনসাল্টেন্ট জনাব আমিনুল মুহাইমেনের নিকট শ্রম অধিদপ্তরের প্রধান কার্যালয়ে এর স্ট্যাকহোল্ডারদের এই কার্যক্রমের জন্য প্রণীত MIS এর উপর প্রশিক্ষণ প্রদানের বিষয়ে জানতে চাওয়া হলে তারা দ্রুততম সময়ের মধ্যে প্রশিক্ষণের সময়ভিত্তিক কর্ম্পরিকল্পনা প্রস্তুত করে শ্রম অধিদপ্তরে প্রদান করবেন বলে সভাকে অবহিত করেন। | TASSSR হতে MIS এর উপর প্রশিক্ষণের সময়ভিত্তিক কর্ম্পরিকল্পনা প্রণয়ন করে আগামী পরিবীক্ষণ ও মূল্যায়ন কমিটির সভায় উপস্থাপন করবেন। |
| ৫। | নগদ সহায়তার জন্য উপকারভোগীর তথ্য ভেরিফিকেশন ও অনুমোদন | সভার এ পর্যায়ে কমিটির সদস্য সচিব সভাকে জানান যে, নতুন করে অনুমোদনের জন্য সংশ্লিষ্ট MIS এ উপকারভোগীর ভেরিফাইড কোন তথ্য নেই। এ বিষয়ে BGMEA, BKMEA ও LFMEAB এর প্রতিনিধির দৃষ্টি আকর্ষণ করা হলে তারা জানান, পরবর্তী সভার পূর্বে নতুন শ্রমিকের তথ্য আপলোড করার মত থাকলে, তা ভেরিফিকেশন করে PIC'তে অনুমোদনের জন্য পেশ করা হবে। | MIS এ BGMEA, BKMEA ও LFMEAB এর আওতাধীন কারখানার আপলোডকৃত তথ্য পরবর্তী সভার পূর্বে ভেরিফিকেশন করে PIC'তে অনুমোদনের জন্য পেশ করা হবে। |

সভাপতি সামাজিক সুরক্ষা কার্যক্রমটিকে আরও সুদূরপ্রসারী করার আশাবাদ ব্যক্ত করে আর কোন আলোচনা না থাকায় সভায় উপস্থিত সকলের অংশগ্রহণ ও মতামত প্রদানের জন্য বিশেষ ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

খালেদ মামুন চৌধুরী
মহাপরিচালক

স্মারক নম্বর: ৪০.০২.০০০০.০৩৭.১৬.০০২.২০.১৬৩

তারিখ: ৩০ শ্রাবণ ১৪২৯
১৪ আগস্ট ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) বেগম শামসুন নাহার, মাননীয় সংসদ সদস্য (নির্বাচনী এলাকা ৩১৩, মহিলা আসন ১৩);,
২) অতিরিক্ত মহাপরিদর্শক (যুগ্মসচিব), অতিরিক্ত মহাপরির্দশকের দপ্তর, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
৩) প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় (প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য);
৪) সচিব মহোদয়ের একান্ত সচিব , সচিবের দপ্তর, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
৫) সিনিয়র সহকারি সচিব (রুটিন দায়িত্ব), শ্রম শাখা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
৬) পরিচালক, পরিচালক (প্রশাসন, হিসাব ও সাধারণ), শ্রম অধিদপ্তর
৭) পরিচালক, পরিচালক (পরিকল্পনা, পরিসংখ্যান ও তথ্য প্রযুক্তি), শ্রম অধিদপ্তর
৮) চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা;,
৯) জনাব এ এন এম সাইফুদ্দিন, পরিচালক, বিজিএমইএ; ,
১০) সভাপতি, বিজিএমইএ;,
১১) সভাপতি, বিকেএমইএ;,
১২) সভাপতি, এলএফএমইএবি;,
১৩) চেয়ারম্যান, বিএফএলএলএফইএ; ,
১৪) জনাব এ.কে.এম মামুনুর রশিদ, যুগ্ম সচিব, (এসডিপি) (বিজিএমইএ); ,
১৫) জনাব ফজলে শামীম এহসান, সাবেক সহ সভাপতি (বিকেএমইএ); ,
১৬) জনাব মোঃ রফিকুল ইসলাম, মহাসচিব, (এলএফএমইএবি); ,
১৭) জনাব মোঃ জয়নাল আবেদীন, সচিব (বিএফএলএলএফইএ); ,
১৮) Mr. Koen Everaert, Second Secretary/Team Leader, Food and Nutrition Security and Sustainable Development of the European Union to Bangladesh;,
১৯) LUCCHESE Iole Valentina, Program Manager, Social Protection (EEAS-DHAKA);,
২০) Ms. Ishrat Shabnam, Proramme Manager, Private sector; ,
২১) Ms. Rosalynn Khan, Project Coordinator, KFW;,
২২) Sheikh Mahmudul Hasan, Advisor, Development Cooperation, Embassy of the Federal Republic of Germany, Dhaka; ,
২৩) Deeba Farah Haque, Advisor, Development Cooperation, Embassy of the Federal Republic of Germany, Dhaka;,
২৪) Ms. Shaila Rahman, Consultant (Social Security Reforms in Bangladesh),

২৫) সহকারী পরিচালক, সাধারণ শাখা, শ্রম অধিদপ্তর


২৬) সহকারী পরিচালক , তথ্য প্রযুক্তি ও উন্নয়ন সেল , শ্রম অধিদপ্তর (ওয়েব সাইটে প্রচারের অনুরোধসহ);

২৭) হিসাব রক্ষণ কর্মকর্তা, হিসাব শাখা, শ্রম অধিদপ্তর

২৮) জনাব সিরাজুল ইসলাম রনি, সভাপতি, বাংলাদেশ জাতীয় গার্মেন্টস শ্রমিক কর্মচারী লীগ;,

২৯) জনাব আবুল কালাম আজাদ, সভাপতি, ট্যানারি শ্রমিক ইউনিয়ন; ,

৩০) অফিস কপি।



খালেদ মামুন চৌধুরী
মহাপরিচালক